

স্মারক নং-৫৮.০৩.২০০০.০০১.০৪.০০১.২০২২- ৩২৬৬

তারিখ ২৫/০৯/২০


বিষয় : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন বিদ্যমান ফায়ার স্টেশনের জমির পরিমাণ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : অধিদপ্তরের ২২/০৯/২২খ্রিঃ তারিখে ৫৮.০৩.০০০০.০২৮.৩২.০০১.২০-৯৮৬৭ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভার আওতাধীন বিদ্যমান যেসকল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের জমির পরিমাণ ০১(এক) একরের কম সেসকল ফায়ার স্টেশনের সাথে অধিগ্রহণ করার মতো জমি থাকলে তা অধিগ্রহণ করার লক্ষ্যে (নকশা ও চৌহদ্দিসহ) এবং যদি বিদ্যমান স্টেশনের সংলগ্ন অধিগ্রহণ করার মতো জমি না থাকে, তবে বিকল্প স্থানে ১(এক) একর জমি নির্বাচন করতঃ জমির (নকশা ও চৌহদ্দিসহ) প্রস্তাব আগামী ২০/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করার জন্য সূত্রের স্মারক দ্বারা নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, অধিদপ্তরের সূত্র স্মারকের পত্রের নির্দেশনা মোতাবেক তার দপ্তরের আওতাধীন যে সকল ফায়ার স্টেশনের জমির পরিমাণ ০১(এক) একরের কম সেসকল ফায়ার স্টেশনের সাথে অধিগ্রহণ করার মতো জমি থাকলে তা অধিগ্রহণ করার লক্ষ্যে (নকশা ও চৌহদ্দিসহ) এবং যদি বিদ্যমান স্টেশনের সংলগ্ন অধিগ্রহণ করার মতো জমি না থাকে, তবে বিকল্প স্থানে ১(এক) একর জমি নির্বাচন করতঃ জমির (নকশা ও চৌহদ্দিসহ) প্রস্তাব আগামী ২৫/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : অধিদপ্তরের পত্র-১কপি।


মোঃ আনিসুর রহমান)
উপপরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী/রাঙ্গামাটি/বান্দরবান।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে :
১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণ : কার্যার্থে:
১। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (চট্টগ্রাম বিভাগ সকল)।

স্মারক নং- ৫৮.০৩.২০১৯.০০১.০১.০০৪.২০২২- ৩৬০৪/১৮

তারিখ : ২৬/০৯/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :


১। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

১। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুমিল্লা/চাঁদপুর/বি-বাড়ীয়া। তাকে উপ-পরিচালকের দপ্তর ও অধিদপ্তরের সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আওতাধীন যে সকল ফায়ার স্টেশনের জমির পরিমাণ ০১ (এক) একরের কম সে সকল ফায়ার স্টেশনের সাথে অধিগ্রহণ করার মত জমি থাকলে তা অধিগ্রহণ করার লক্ষ্যে (নকশা ও চৌহদ্দিসহ) এবং যদি বিদ্যমান স্টেশন সংলগ্ন অধিগ্রহণ করার মত জমি না থাকে, তবে বিকল্প স্থানে ১ (এক) একর জমি নির্বাচন করতঃ জমির (নকশা ও চৌহদ্দিসহ) প্রস্তাব আগামী ১২/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুমিল্লা/ ইপিজেড/ দৌলতগঞ্জবাজার/ মুরাদনগর/ বরুড়া/ চৌয়ারাবাজার/ চান্দিনা/ চৌদ্দগ্রাম/ দাউদকান্দি/ হোমনা/বুড়িচং/মেঘনা। তাকে উপ-পরিচালকের দপ্তর ও অধিদপ্তরের সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আওতাধীন ফায়ার স্টেশনের জমির পরিমাণ ০১ (এক) একরের কম হলে ফায়ার স্টেশনের সাথে অধিগ্রহণ করার মত জমি থাকলে তা অধিগ্রহণ করার লক্ষ্যে (নকশা ও চৌহদ্দিসহ) এবং যদি বিদ্যমান স্টেশন সংলগ্ন অধিগ্রহণ করার মত জমি না থাকে, তবে বিকল্প স্থানে ১ (এক) একর জমি নির্বাচন করতঃ জমির (নকশা ও চৌহদ্দিসহ) প্রস্তাব আগামী ১২/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত:- অধিদপ্তরের পত্র-০১ (এক) কপি


মোঃ আনিসুর রহমান, সিএফএম
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২৮.৩২.০০১.২০- ৯৮ ৫৭


তারিখ: ০৭/০৫/২০২২ ব.
২২/০২/২০২২ খ্রি.

বিষয় : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন বিদ্যমান ফায়ার স্টেশনের জমির পরিমাণ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : সুরক্ষা সেবা বিভাগের ৫৮.০০.০০০০.০৫২.৩৮.০০১.১৮.৮০৯ সংখ্যক স্মারক, তারিখ: ১২/১২/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৪/১১/২০১৯ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে ০৩টি জাম্বু কুশন হস্তান্তর করেন। উক্ত অনুষ্ঠানে আলোচনাকালে দেশের বিদ্যমান ফায়ার স্টেশনসমূহের জন্য অধিগ্রহণকৃত জমি প্রয়োজনের তুলনায় অপ্রতুল মর্মে আলোচনা হয় এবং এ প্রেক্ষিতে বিদ্যমান ফায়ার স্টেশনসমূহের সাথে অধিগ্রহণ করার মতো জমি থাকলে তা অধিগ্রহণ করার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে অনুশাসন প্রদান করা হয়।

২। এমতাবস্থায়, বিদ্যমান যেসকল ফায়ার স্টেশনের জমির পরিমাণ ০১ (এক) একর এর কম সেসকল ফায়ার স্টেশনের সাথে অধিগ্রহণ করার মতো জমি থাকলে তা অধিগ্রহণ করার লক্ষ্যে (নকশা ও চৌহদ্দিসহ) এবং যদি বিদ্যমান স্টেশনের সংলগ্ন অধিগ্রহণ করার মতো জমি না থাকে, তবে বিকল্প স্থানে ১ (এক) একর জমি নির্বাচন করত জমির (নকশা ও চৌহদ্দিসহ) প্রস্তাব আগামী ২০/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



মোঃ ওয়াহিদুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)

উপপরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সকল)।
- ৪। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অত্র অধিদপ্তরের প্রশাসন/পরিকল্পনা/উন্নয়ন/গার্ড ফাইল/মাস্টার গার্ড ফাইল।